

দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ বিদআত রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

'বিদআত' কাকে বলে? 'বিদআতে হাসনাহ' বলে কি কোন বিদআত আছে?

বিদআত বলা হয় দ্বীন বিষয়ক কোন নতুন কর্মকে, যার কোন দলীল শরীয়তে নেই। মহানবী (সঃ) বলেছেন, "
অবশ্যই তোমাদের মধ্যে যারা আমার বিদায়ের পর জীবিত থাকবে তাঁরা অনেক রকমের মতভেদ দেখতে পাবে।
অতএব তোমরা আমার ও আমার সুপথপ্রাপ্ত খোলাফায়ে রাশেদ্বীনের সুন্নাহ অবলম্বন করো, তা দাঁত দ্বারা দৃঢ়তার
সাথে ধারণ করো। (তাতে যা পাও মান্য কর এবং অন্য কোনও মতের দিকে আকৃষ্ট হয়ো না।) আর (দ্বীনে)
নবরচিত কর্মসমূহ হতে সাবধান! কারণ, নিশ্চয় প্রত্যেক বিদআত (নতুন আমল) হল ভ্রষ্টতা।"(আবু দাউদ ৪৪৪৩,
তিরমিয়ী ২৮১৫, ইবনে নাজাহ ৪২ নং)

আর নাসাঈর এক বর্ণনায় আছে, " আর প্রত্যেক ভ্রষ্টতা জাহান্নামে(নিয়ে যায়)।" উক্ত হাদিস থেকে এ কথাও প্রমাণ হয় যে, বিদআতে হাসানাহ (ভাল বিদআত) বলে কোন বিদআত নেই। কারণ মহানবী (সঃ) বলেছেন, "প্রত্যেক বিদআত হল ভ্রষ্টতা।"

• Source — https://www.hadithbd.com/books/link/?id=74

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন